



ঢাকা-চট্টগ্রাম রুটে ইলেকট্রিক ট্রেন চালুর উদ্যোগ: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

চট্টগ্রাম-ঢাকা রুটে ইলেকট্রিক ট্রেন চালুর জন্য সম্ভাব্যতা সমীক্ষা ও বিস্তারিত ডিজাইনের কাজ শেষ হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (৯ সেপ্টেম্বর) বিকেলে জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্বে চট্টগ্রাম-১২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ এনামুল হকের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। প্রধানমন্ত্রী বলেন, প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থায়ন নিশ্চিত হওয়ার পর বিস্তারিত কর্মপরিকল্পনা ও সময়সূচি নির্ধারণ করা হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ট্রেনের গড় গতি বাড়বে এবং ঢাকা-চট্টগ্রাম যাত্রার সময় কমবে।

এ ছাড়া ঢাকা-কুমিল্লা কর্ডলাইন নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা ও বিস্তারিত ডিজাইনের কাজ চলছে। এটি হলে ঢাকা-চট্টগ্রামের রেলপথের দূরত্ব কমবে এবং ট্রেনের গতি বাড়বে। ঢাকা-চট্টগ্রাম রেলপথ ডুয়েলগেজ ডাবল লাইনে উন্নীত করার উদ্যোগও নেওয়া হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী। টঙ্গী-আখাউড়া ও লাকসাম-চট্টগ্রাম অংশের সম্ভাব্যতা সমীক্ষা ও বিস্তারিত ডিজাইন শেষ হয়েছে। এর মধ্যে লাকসাম-চট্টগ্রাম প্রকল্প অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে এবং টঙ্গী-আখাউড়া প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ শেষ পর্যায়ে। এসব প্রকল্প বাস্তবায়িত হলে চট্টগ্রাম-ঢাকা করিডোরে রেলযাত্রী পরিবহনের সক্ষমতা ও ট্রেনের গতি বাড়বে বলে আশা প্রকাশ করেন তারেক রহমান।